

শিক্ষার্থীদের জিজ্ঞাসিত প্রশ্ন ও তার উত্তরঃ

(লালমনিরহাট জেলা)

প্রশ্ন ১) টু- ফ্যাক্টর অথেনটিকেশন বলতে কী বুঝায়?

উত্তরঃ টু-ফ্যাক্টর অথেনটিকেশন হচ্ছে একটি সিকিউরিটি ফিচার যেটা আপনার ফেসবুক, জিমেইল বা যেকোন অ্যাকাউন্টের নিরাপত্তা প্রদানের স্বার্থে ব্যবহার করা হয়। ফেসবুক অ্যাকাউন্ট থেকে শুরু করে ব্যাংক অ্যাকাউন্ট পর্যন্ত সব জায়গাতেই টু-ফ্যাক্টর অথেনটিকেশন অপশন চালু করতে পারেন আপনি। এই অপশন চালু করা থাকলে প্রতিবার অ্যাকাউন্টে লগ-ইন করার সময়ে আপনার মোবাইলে মেসেজ আকারে একটি কোড আসবে। এছাড়া আপনি লগ ইন করতে পারবেন না। এই অপশন চালু থাকার সুবিধাটি হলো হ্যাকার আপনার পাসওয়ার্ড জেনে ফেললেও আপনার মোবাইলে আসা কোডটি ছাড়া সে অ্যাকাউন্টে ঢুকতে পারবে না।

প্রশ্ন ২) মোবাইল ফোন পাসওয়ার্ড দিয়ে লক থাকা অবস্থায় হারিয়ে গেলে কী করতে হবে?

উত্তরঃ মোবাইল ফোন পাসওয়ার্ড দিয়ে লক থাকা অবস্থায় হারিয়ে গেলে বা চুরি হয়ে গেলে সাথে সাথে নিকটস্থ থানায় গিয়ে জিডি করতে হবে। কারণ উক্ত লক সফটওয়্যার ব্যবহার করে খুলে ফেলা সম্ভব এবং মোবাইল ফোনে কোন অ্যাকাউন্ট অ্যাকটিভেট করা থাকলে সেই অ্যাকাউন্ট ব্যবহার করে বিভিন্ন ধরনের অপরাধ সংগঠিত হতে পারে। এছাড়া মোবাইল ফোন হারিয়ে যাবার সাথে সাথে উক্ত ফোনে অ্যাকটিভেট করা অ্যাকাউন্টগুলোর পাসওয়ার্ড পরিবর্তন করতে হবে।